

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৪১০

২৪/ পানীয় ও পানপাত্র (کتاب الأشربة)

পরিচ্ছেদঃ ২৪/১৬. পাত্র ঢেকে রাখা

بَابِ تَخْمِيرِ الْإِنَاءِ

আরবী

حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ رُمْحٍ، أَنْبَأَنَا اللَّيْثُ بْنُ سَعْد، عَنْ أَبِي الزُّبَيْرِ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، عَنْ رَسُولِ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ أَنَّهُ قَالَ " غَطُّوا الإِنَاءَ وَأَوْكُوا السِّقَاءَ وَأَطْفِئُوا السِّرَاجَ وَأَعْلِقُوا السِّرَاجَ وَأَعْلِقُوا الْبَابَ فَإِنَّ الشَّيْطَانَ لاَ يَحُلُّ سِقَاءً وَلاَ يَفْتَحُ بَابًا وَلاَ يَكْشِفُ إِنَاءً فَإِنْ لَمْ يَجِدْ أَحَدُكُمْ إِلاَّ أَنْ يَعْرُضَ عَلَى إِنَائِهِ عُودًا وَيَذْكُرَ اسْمَ اللَّهِ فَلْيَفْعَلْ فَإِنَّ الْفُويْسِقَةَ تُضْرِمُ عَلَى أَهْل الْبَيْتِ بَيْتَهُمْ ".

বাংলা

১/৩৪১০। জাবির ইবনে আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তোমরা খাদ্য ও পানীয় পাত্র ঢেকে রাখো, মশকের মুখ বন্ধ করো, প্রদীপ নিভিয়ে দাও এবং (শয়নকালে) ঘরের দরজা বন্ধ করো। কারণ শয়তান (মুখবন্ধ) মশক খুলতে পারে না, (বন্ধ) দরজাও খুলতে পারে না এবং (ঢেকে রাখা) পাত্রও খুলতে পারে না। তোমাদের কেউ যদি পাত্র ঢাকার মত কিছু না পায় তবে সে যেন তার উপর একটি কাঠ আড়াআড়িভাবে রেখে দেয় এবং আল্লাহর নাম স্মরণ করে। কেননা ইঁদুর মানুষের ঘর জ্বালিয়ে দেয়।

English

It was narrated from Jabir bin 'Abdullah that the Messenger of Allah (ﷺ) said:

"Cover your vessels, tie your water skins, extinguish your lamps and lock your doors, for Satan does not untie a water skin, open a door or uncover a vessel. If a person cannot find anything but a stick with which to cover his vessel and mention the Name of Allah, then let him do so. And the mouse could set fire to the house with its people inside."



ফুটনোট

সহীহুল বুখারী ৩২৮০, ৩৩০৪, ৩৩১৬, ৫৬০৬, ৫৬২৩, ৫৬২৪, ৬২৯৫, ৬২৯৬, মুসলিম ২০১১, ২০১২, ২০১৪, তিরমিয়ী ১৮১২, ২৮৫৭, আবূ দাউদ ৩৭৩১, ৩৭৩৪, আহমাদ ১৩৮১৬, ১৩৯৫৮, ১৪৪১৫, মুয়াত্তা মালেক ১৭২৭, ইরওয়া ৩৯, রাওদুন নাদীর ২০৭।

তাহকীক আলবানীঃ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন